

মায়াপৃথিবী

টানা জঙ্গল, সবুজ শালের সারি ---
পতাকা নাড়ায় পল্লবছাওয়া ডাল,
খোলা দরজায় কৃষ্ণচূড়ার লাল
মাথা নাড়ে, পাশে মানুষের ঘরবাড়ি।

অলস দু-হাত দরজা খুললো ধীরে
রাতের পালক যেন ঐ দুটি ভ্রু---
আজ সংগীতঃ আলাপ হয়েছে শু,
পরীর পেখম ঝকঝক করে দূরে।

সংকেতগুলি নির্ভুল কাছাকাছি
সুরগুলি প্রীত -- প্রিয় অনুরাগেবাঁধা,
চারদিক খুব স্তব্ধ ব্যাকুল শাদা.....
গুনগুন করে উড়ছে সোনার মাছি।

সুরের প্রবাহে জেগে ওঠে মহাপ্রাণ.....
ত্রমে শু হয় মায়াপৃথিবীর গান।

অমর দে

